**বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচী-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.২০.**১৫৪** তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২০খ্রি./২৩ ভাদ্র ১৪২৭ ব.।

বিষয় : **চলতি ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা, সংরক্ষিত মহিলা আসন, আংশিক সিটি কর্পোরেশন ও উপজেলা পরিষদের অনুকূলে ১ম কিস্তির খাদ্যশস্য (চাল) ছাড়করণ।**

উপর্যুক্ত বিষয়ে ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় ২৭০টি নির্বাচনী এলাকা, ০৮টি আংশিক সিটি কর্পোরেশনভূক্ত নির্বাচনী এলাকা (রংপুর-৩, বরিশাল-৫, গাজীপুর-১, গাজীপুর-৫, সিলেট-১, চট্টগ্রাম-৪, চট্টগ্রাম-৫ ও চট্টগ্রাম-৮), সংরক্ষিত মহিলা আসনের (৫০টি) এবং উপজেলা পরিষদভিত্তিক (৪৯২)টির অনুকূলে ১ম কিস্তি বাবদ **৮৫,০০০ (পঁচাশি হাজার) মে.টন চাল** নিম্নবর্ণিত বিভাজন ও শর্ত সাপেক্ষে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ কোড হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

| ক্রম | বরাদ্দের খাত | বরাদ্দের পরিমান (চাল) মে.টন | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | নির্বাচনী এলাকা (২৭০ টি) | ৪৩,৩৫০.০০০ | |
| ২। | সংরক্ষিত মহিলা আসন (৫০ টি) | ২,৫৫০.০০০ | |
| ৩। | আংশিক সিটি কর্পোরেশন (৮টি) | ৮৫০.০০০ | গাজীপুর-১ ও ৫ এবং চট্টগ্রাম-৫ ও ৮ নির্বাচনী এলাকায় প্রতিটিতে ১৩২.৫০০ মে.টন এবং রংপুর-৩, বরিশাল-৫, সিলেট-১ ও চট্টগ্রাম-৪ নির্বাচনী এলাকার প্রতিটিতে ৮০ মে.টন করে। |
| ৪। | উপজেলা ভিত্তিক (৪৯২ টি) | **৩৮,২৫০.০০০** | |
| | **মোট:** | **৮৫,০০০ মে.টন (চাল)** | |

**শর্তসমূহঃ**

(১) বরাদ্দকৃত অর্থ /খাদ্যশস্য বিভাজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের বরাদ্দ নীতিমালা অনুযায়ী জনসংখ্যা, এলাকা ও দরিদ্রতা বিবেচনা করতে হবে; এক্ষেত্রে মন্ত্রণালয় হতে পৃথকভাবে বিভাজন অনুমোদনের প্রয়োজন নেই;

(২) এ মন্ত্রণালয়ের ১ম কিস্তির বরাদ্দের প্রকল্প কাজ আগামী ৩১/১২/২০২০ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

(৩) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, কাবিটা নির্দেশিকা-২০১৪ নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী (সোলার অংশ ব্যতিরেকে) যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) **চলতি ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দ হতে সোলার খাতে কোন প্রকল্প/স্কীম গ্রহণ করা যাবে না।**

(৫) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ /বাছাই কাবিটা/কাবিখা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ (সোলার অংশ ব্যতিরেকে) যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৬) জেলা প্রশাসকগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে; সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারের লক্ষ্যে তাঁর অভিপ্রায় অনুসারে জেলা/ উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর এবং নির্বাচনী এলাকাভিত্তিক বরাদ্দ সকল জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে।

(৭) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফ্‌টকপি সিডি আকারে সংরক্ষণ করা কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।

(৮) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা করতে হবে।

(৯) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

(১০) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

(১১) নতুনভাবে তৈরিকৃত/ সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে।

(১২) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত খাদ্যশস্য ছাড় করতে হবে।

**স্বাক্ষরিত/-**

**(কাজী তাসমীন আরা আজমিরী)**
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৪০
dsreliefprogram2@modmr.gov.bd
ajmery2004@yahoo.com

**মহাপরিচালক**
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.২০.**১৫৪** তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২০খ্রি./২৩ ভাদ্র ১৪২৭ ব.।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, ----------------------------------------------(সকল)।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট, আই,সি,টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য) ।
১০। অতিঃ সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭/৯/২০

**(কাজী তাসমীন আরা আজমিরী)**
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৪০।